



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধি প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

নং- ৫৩.০৩.০০০০.০০০.০৭৫.২২.০০১৪.২৫.১৯০

তারিখঃ ২৩ ডিসেম্বর, ২০২৫

সার্কুলার নং- নন-লাইফ: ১০৯/২০২৫

বিষয়ঃ নন-লাইফ বীমাকারীর ব্যক্তি এজেন্ট কমিশন এবং উন্নয়ন কর্মকর্তাগণের বেতন-ভাতাদি প্রসঙ্গে।

বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের ১৮/১১/২৫ ইং তারিখের বিআইএ-৩(৩৫)/২০২৫-৩৩৬ নং পত্রের মাধ্যমে প্রাপ্ত সুপারিশের প্রেক্ষিতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে গত ৩০/১১/২০২৫ তারিখে নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের ব্যক্তি এজেন্ট কমিশনের বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং নন-লাইফ বীমাকারীদের নিকট থেকে প্রাপ্ত ব্যক্তি এজেন্ট লাইসেন্স স্থগিত করার প্রস্তাব অনুযায়ী সকল নন-লাইফ বীমাকারীর ব্যক্তি এজেন্ট লাইসেন্সসমূহ স্থগিত করা হয়েছে। যার ফলে ১লা জানুয়ারি, ২০২৬ তারিখ থেকে নন-লাইফ বীমা ব্যবসায় কোন ব্যক্তি বীমা এজেন্ট থাকবে না।

২.০ কোন বৈধ ব্যক্তি এজেন্ট লাইসেন্স কার্যকর না থাকায় কোন বীমাকারী কর্তৃক কোন ব্যক্তি বীমা এজেন্টকে কমিশন প্রদানের সুযোগ নেই। উল্লেখ্য যে, বীমা আইন, ২০১০ এর ধারা ৫৮(১) অনুযায়ী বীমা এজেন্ট ব্যতীত অন্য কাউকেও কমিশন বা অন্য কোন নামে পারিশ্রমিক/পারিতোষিক পরিশোধ করার কোন সুযোগ নেই।

৩.০ উন্নয়ন কর্মকর্তাগণের বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি কর্মকর্তাগণের সংগৃহীত প্রিমিয়ামের শতকরা হারে প্রদান করা যাবে না। উল্লেখ্য যে, চুক্তিভিত্তিক নিয়োগ ব্যতীত সকল উন্নয়ন কর্মকর্তাগণের নিয়োগপত্রে সংশ্লিষ্ট বীমাকারীর পে-স্কেল অনুযায়ী বেতন-ভাতাদি উল্লেখ করতে হবে এবং সে অনুযায়ী বেতন-ভাতাদি প্রদান করতে হবে।

৪.০ সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি কর্তৃপক্ষের সার্কুলার নং: নন-লাইফ ৬৪/২০১৯ এর ৩ নং দফায় বর্ণিত ব্যবস্থাপনা ব্যয়ের জন্য নির্ধারিত ব্যাংক হিসাব হতে কর্মকর্তা-কর্মচারীগণের স্ব স্ব ব্যাংক হিসাবে ট্রান্সফার বা একাউন্ট পেয়ী চেক এর মাধ্যমে প্রদান করতে হবে;

৫.০ উন্নয়ন কর্মকর্তাগণের বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি প্রদান সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন ২০২৬ সালের জানুয়ারি মাস থেকে (অক্টোবর ২০২৫-ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ত্রৈমাসিক প্রতিবেদনসহ) নিয়মিতভাবে নিয়োক্ত ছকে কর্তৃপক্ষের নিকট প্রতি ত্রৈমাসিক শেষ হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে প্রেরণ করতে হবেঃ

ক্রমিক	নাম	পদবী	শাখা	মোট বেতন (টঃ)	কর্তন (ট্যাক্স, পিএফ ইত্যাদি)	নিট বেতন (টঃ)	ব্যাংক হিসাব নং	অর্জিত গ্রস প্রিমিয়াম

৬.০ এতদসংক্রান্ত বিধিনিষেধসমূহ ব্যাংকাসুরেন্স পরিচালনাকারী ব্যাংক ও ইন্স্যুরটেক পরিচালনাকারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

৭.০ ইতোপূর্বে জারিকৃত সার্কুলার নং- নন-লাইফ-৭৫/২০২০, তারিখ: ১০/০২/২০২০; বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.২০.৪০; তারিখ: ২৯/১২/২০২০ এর নির্দেশনা; সার্কুলার নং- নন-লাইফ-৮৪/২০২১; তারিখ:

০৪/০২/২০২১ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের স্মারক নং-৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.২০.৫১; তারিখ: ২৪/১০/২০২১ এর নির্দেশনা পরিপালন সংক্রান্ত পত্র বাতিল করা হলো।

৮.০ নন-লাইফের বীমা পলিসি গ্রাহকগণের স্বার্থ সংরক্ষণ, বীমাকারীর আর্থিক ভিত্তি মজবুত করণসহ বীমাখাতের বৃহত্তর স্বার্থে এই নির্দেশনা জারী করা হলো।

৯.০ এ সার্কুলারের কার্যকারিতা ১ জানুয়ারি ২০২৬ হতে বলবৎ হবে।


২৬/১০/২০২৫

মনিরা বেগম

নির্বাহী পরিচালক (নন-লাইফ)

ফোন: ০২৪১০৫১৩৭৪

ই-মেইল: ednonlife@idra.org.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন।
- ২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ বীমা কোম্পানি।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- (১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
- (২) চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
- (৩) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন,
- (৪) চেয়ারম্যান, সাধারণ বীমা কর্পোরেশন;
- (৫) চেয়ারম্যান, সকল নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি;
- (৬) চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ;
- (৭) নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (৮) মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (১০) প্রেসিডেন্ট, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;
- (১১) প্রেসিডেন্ট, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন;
- (১২) প্রেসিডেন্ট, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি;
- (১৩) প্রেসিডেন্ট, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশনস;
- (১৪) পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (১৫) সদস্য মহোদয়গণের ব্যক্তিগত সহকারী; বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (১৬) কর্তৃপক্ষের সকল শাখা প্রধান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (১৭) অফিস কপি।